20

দৈনিক ইনকিলাব

তারিখ 23 OCT 1996
পৃষ্ঠা কলাম



## ডঃ এম আমিনুল ইসলাম উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নয়া ভাইস চ্যান্সেলর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের প্রবীণ অধ্যাপক ডঃ এম আমিনুল ইসলাম ২১ অক্টোবর সোমবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। অধ্যাপক ইসলাম এ্যাগ্রো-ক্লাইমেটোলজী, রিসোর্স ম্যানেজমেন্ট, পরিবেশ প্রত্যক্ষণ ও ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক দুর্যোগ গবেষণার একজন বিশেষজ্ঞ হিসেবে পরিচিত। অধ্যাপক ইসলাম ভূগোল বিষয়ে ৩টি বই রচনা করেছেন এবং আরো একটি বই (সম্পদ ব্যবস্থাপনা) প্রকাশনার অপেক্ষায় রয়েছে। এছাড়া তাঁর ৭০টিরও বেশী গবেষণামূলক পেপার দেশে ও বিদেশে আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। আন্তর্জাতিক ভূগোল সংস্থার অধীনে বিভিন্ন কমিশনের গবেষণামূলক কাজের সঙ্গেও তিনি জড়িত রয়েছেন। ডঃ ইসলাম মালয়েশিয়ায় দূরশিক্ষণ বিষয়ক বিভিন্ন কর্মকান্ডের সঙ্গে জড়িত ছিলেন এবং এই বিষয়ে গুরুত্বপূর্ণ কয়েক খন্ড মডিউল রচনা করে খ্যাতি অর্জন করেন।

খ্যাতিমান এই শিক্ষাবিদ ১৯৩২ সালের ১ এপ্রিল এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস ঝিনাইদহ জেলার শৈলকূপা থানার বাখরবা গ্রামে। প্রেস বিজ্ঞপ্তি।